

## ইসলাম ও জাতির স্বার্থেই কাওমী মাদ্রাসার সনদের স্বীকৃতি একান্ত প্রয়োজন প্রতিনিধি সম্মেলনে বক্তাগণ

স্টাফ রিপোর্টার : মহিলা মাদ্রাসাসমূহের  
উলামা প্রতিনিধি সম্মেলনে বক্তাব্যব বলেছেন,  
ইসলাম ও জাতির মহান স্বার্থেই কাওমী  
মাদ্রাসাসমূহের সনদের সরকারী স্বীকৃতির  
একান্ত প্রয়োজন। বাংলাদেশ মহিলা মাদ্রাসা  
কর্তৃক আয়োজিত উক্ত উলামা প্রতিনিধি  
সম্মেলন গতকাল (বৃহস্পতিবার) ডেমরা

সানারপাড় মহিলা মাদ্রাসায় অনুষ্ঠিত হয়।  
মাদ্রাসার প্রতিষ্ঠাতা প্রিন্সিপাল মাওলানা  
আনোয়ার জাফরীর সভাপতিত্বে অনুষ্ঠিত  
সভায় বক্তব্য রাখেন কুমিল্লার মুফতী বশির  
উল্লাহ, চাঁদপুরের হাফেজ মোঃ তৈয়ব,  
নোয়াখালীর মাওলানা জামাল উদ্দিন,  
নারায়ণগঞ্জ ২-এর গুঃ চ-এর কাঃ দেবুন

### মাদ্রাসার সনদের স্বীকৃতি

১২-এর পৃষ্ঠার পর

প্রতিনিধি মাওলানা মফিজুল ইসলাম, বি-  
বাড়ীয়ার মাওলানা সাইদুর রহমান, ডেমরা  
বানার হাফেজ মাহমুদুল হাসান ও মাওলানা  
মনিরুল ইসলাম ফয়সলী। সম্মেলনে প্রধান  
অতিথির বক্তব্য রাখেন জাতীয় ইমাম সমাজ  
বাংলাদেশের মহাসচিব বেলায়েত হোসেন জাম  
ফিরোজী। সম্মেলনে প্রধান অতিথি কাওমী  
মাদ্রাসার সনদের স্বীকৃতির দাবীকে কোনভাবে  
হেঁচা না করে আগামী নির্বাচনের পূর্বেই এ দাবী  
বেনে নেয়ার জন্য সরকারের প্রতি আহ্বান  
জানান।

সম্মেলনে বক্তারা আরো বলেন, দেশের লাখ লাখ  
উলামায়ে কেরাম কাওমী মাদ্রাসা থেকে ফরাস  
হয়ে দেশব্যাপী ধীনি শিক্ষা বিস্তার, নিরঙ্করতা  
দূরীকরণসহ নানান সামাজিক কাজে নিয়োজিত।  
এসব উলামায়ে কেরামের সনদের স্বীকৃতি না  
ধাকায় তারা অধিকারবঞ্চিত। তাই ইসলাম এবং  
জাতির স্বার্থেই কাওমী মাদ্রাসার সনদের স্বীকৃতি  
অপরিহার্য।